



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

দক্ষ জনশক্তি গড়তে নেতৃত্ব দিচ্ছে  
চসিক কম্পিউটার ইনস্টিটিউট : মেয়র

চট্টগ্রাম- ৮ অক্টোবর ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ.জ.ম নাছির উদ্দীন তথ্য প্রযুক্তিতে সমৃদ্ধ দক্ষ জনশক্তি গড়তে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কম্পিউটার ইনস্টিটিউট নেতৃত্বের স্থানে রয়েছে। স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের তথ্য-প্রযুক্তির আলোয় আলোকিত করতে নিরলস ভাবে কাজ করে যাচ্ছে এই প্রতিষ্ঠান। প্রতিষ্ঠালগ্ন থেকে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কম্পিউটার ইনস্টিটিউট তথ্য-প্রযুক্তি খাতে তৈরী করেছে সাড়ে ১৭ হাজারেরও অধিক দক্ষ জনশক্তি যারা দেশ ও দেশের বাহিরে তাদের প্রতিভার স্বাক্ষর রেখে চলেছে। নগরবাসীর মাঝে সুলভে এই মানসম্মত তথ্য প্রযুক্তি শিক্ষা সেবা নিশ্চিতের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ গড়ার অগ্রযাত্রায় সহযোগী হয়েছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। গত রবিবার বিকেলে চসিক মিউনিসিপ্যাল মডেল হাই স্কুল এন্ড কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত চসিক কম্পিউটার ইনস্টিটিউট এর কোর্স সমাপনী সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। কাউন্সিলর নাজমুল হক ডিউক এর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাউন্সিলর তারেক সোলায়মান সেলিম, মোহাম্মদ গিয়াস উদ্দিন, কলেজের অধ্যক্ষ শাহেদুল ইসলাম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন চসিক কম্পিউটার ইনস্টিটিউট এর পরিচালক আনিছ আহমদ।

প্রেস বিজ্ঞপ্তি

চসিকের অনলাইন কাউন্সিলর  
সার্টিফিকেট প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

চট্টগ্রাম- ৮ অক্টোবর ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের এ ওয়াই টু প্রকল্পের আওতায় অলিভিন লিঃ এর সহযোগীতায় আজ সোমবার সকালে চসিক কে বি আবদুছ ছত্তার মিলনায়তনে অনলাইন কাউন্সিলর সার্টিফিকেট প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্যানেল মেয়র ড. নিছার উদ্দীন আহমেদ মঞ্জু, চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, সচিব মো. আবুল হোসেন, আইটি কর্মকর্তা মো. ইকবাল হাসান উপস্থিত ছিলেন। কর্মশালায় প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা বলেন আইটি নির্ভর এ যুগে কাউন্সিলর ও ওয়ার্ড সচিবদের পেশাগত মান ও দক্ষতা উন্নয়নের জন্য অনলাইনের ব্যবহার অপরিহার্য। এতে করে জনগণ দ্রুত সময়ে অতি সহজে তাদের সেবা নিতে পারবে। তিনি prottoyon.gov.bd তে অনলাইনে নাগরিক সনদপত্র সহ যাবতীয় সনদ সমূহ পাওয়া যাবে বলে জানান। এ কর্মশালায় ফেসিলিটেক্টর হিসেবে উপস্থিত ছিলেন অলিভিন লি. এর প্রশিক্ষক পমিরুল ইসলাম। এ কর্মশালায় ৫৫ জন ওয়ার্ড সচিব ও কাউন্সিলর অংশগ্রহণ করেন।

প্রস বিজ্ঞপ্তি  
চাইল্ডহেল্প লাইন ১০৯৮ বিষয়ক সভায় সিটি মেয়র  
শিশুবান্ধব রাস্ত্র গঠনে সরকারের  
সকল উন্নয়ন কর্মকান্ড পরিচালিত

চট্টগ্রাম- ৮ অক্টোবর ২০১৮

আজ সোমবার সকালে নগরভবনস্থ কনফারেন্স হলে জেলা সমাজ সেবা অধিদপ্তর চট্টগ্রাম এর উদ্যোগে চাইল্ড হেল্প লাইন ১০৯৮ এর অবহিত করন সভা অনুষ্ঠিত হয়। সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্জ আ জ ম নাছির উদ্দিন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সমাজ সেবা অধিদপ্তরের উপ পরিচালক শহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড.মাহবুবুল হক ও চাইল্ড হেল্প লাইন ১০৯৮ এর প্রজেক্ট ম্যানেজার চৌধুরী মোহাইমিন, সাংবাদিক ইফতেখারুল ইসলাম বক্তব্য রাখেন। সভায় কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর, সাংবাদিক, ইমাম, পুলিশ, আনসার ভিডিপি, শিক্ষক, এনজিও, মহিলা বিষয়ক অধিদপ্তর এবং ইউনিসেফ প্রতিনিধি উপস্থিত ছিলেন। প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র বলেন ক্ষুধা ও দারিদ্রমুক্ত বাংলাদেশ বিনির্মাণে সরকার বিভিন্ন রকমের সামাজিক নিরাপত্তা, দারিদ্র বিমোচন, শিশু বিষয়ক, প্রতিবন্ধী, সামাজিক অবক্ষয় প্রতিরোধ, পেশাগত দক্ষতা, উন্নয়ন মূলক কার্যক্রম চালিয়ে যাচ্ছে। তিনি বলেন বাংলাদেশে এখনও শিশুরা বিভিন্নভাবে সহিংসতার স্বীকার হচ্ছে এবং শিশু অধিকার আইন লঙ্ঘিত হচ্ছে। এ বিষয়ে সরকারের পাশাপাশি অভিভাবকদেরও সচেতন হতে হবে। এমনকি অনেক ক্ষেত্রে অভিভাবকরা তাদের সন্তানদের শিক্ষাবৃত্তি সহ বিভিন্ন রকমের ঝুঁকিপূর্ণ কাজে শিশুদের নিয়োজিত করছে। এ প্রসঙ্গে মেয়র বলেন অভিভাবকরা তাদের সন্তানদের গৃহস্থালিকাজে নিয়োজিত করছে। যা অত্যন্ত দুঃখজনক, অমানবিক ও শিশু অধিকার সনদের পরিপন্থি। এ বিষয়ে অভিভাবক সমাজকে সচেতন হওয়ার আহবান জানান মেয়র। মেয়র বলেন শিশুদের জন্য একটি শিশুবান্ধব রাস্ত্র গঠনে সরকারের সকল উন্নয়ন কর্মকান্ড পরিচালিত হচ্ছে। এ লক্ষ্য যথাযথ বাস্তবায়নে মেয়র কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর, সমাজ পতি ও ইমামসহ সর্বস্তরের নাগরিকবৃন্দকে এগিয়ে আসার আহবান জানান।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন